**আপনার মতামত গুরুত্বপূর্ণ!**

# যৌথ কমিটি পরিচিতি

উৎপাদনশীলতা | সাংস্কৃতিক সচেতনতা | সামাজিক পরিষেবা | প্রশিক্ষণ | সুরক্ষা | কাজের সংগঠন



International Labour Organization

State of Qatar

Ministry of Administrative Development, Labour & Social Affairs

TAAWON

কর্মী হিসাবে, আপনার মতামত গুরুত্বপূর্ণ। একটি ভালো ধারণা দিতে বা তা সম্পর্কে বলতে আপনার সমস্যা হতে পারে। তাহলে আপনি কীভাবে ম্যানেজমেন্টকে জানাতে পারবেন আপনার মতামত জানাবেন? মতামত জানানোর একটি উপায় হলো যৌথ কমিটি।



## যৌথ কমিটি কী?

কাতারের শ্রম আইনের অধীনে, ৩০ জনের বেশি শ্রমিক আছে এমন কোম্পানিগুলো একটি যৌথ কমিটি গঠন করতে পারে। একটি যৌথ কমিটিতে আপনার কোম্পানির কর্মী এবং ব্যবস্থাপনা বিভাগ থেকে সমান সংখ্যক সদস্য থাকবে।



## যৌথ কমিটি কীভাবে আমাকে সহায়তা করতে পারে?

আপনার যদি কোনও সমস্যা বা পরামর্শ থাকে, তাহলে যৌথ কমিটির কর্মী প্রতিনিধিরা ম্যানেজমেন্টের সাথে এটি নিয়ে আলোচনা করতে পারেন।



## তারা কতদিন পর পর দেখা করে?

যৌথ কমিটিগুলো কর্মক্ষেত্রের গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনার জন্য মাসে কমপক্ষে একবার সভা করে।

## শ্রমিকদের প্রতিনিধিত্ব করেন কে?

যৌথ কমিটিতে দুই বছর প্রতিনিধিত্ব করার জন্য কর্মীরা তাদের প্রতিনিধি নির্বাচন করে। তারা সহকর্মীদের কথা শোনে এবং তাদের উদ্বেগের বিষয়গুলো নিয়ে আলোচনা করে। যৌথ কমিটির বৈঠকে যে বিষয়ে সবাই একমত হয়ে সিদ্ধান্ত গ্রহণ করে সেই বিষয়গুলো কর্মীদের জানানো হয়।

## আমি কি একজন প্রার্থী হতে পারি?

আপনার কোম্পানিতে একটি যৌথ কমিটি থাকলে আপনি নির্বাচনে কর্মী প্রতিনিধি হিসাবে প্রার্থী হতে পারেন।
সকল শ্রমিক যারা সরাসরি কোম্পানি দ্বারা নিযুক্ত অথবা কোনও ঠিকাদার বা এজেন্সির হয়ে কাজ করে তারাও নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে।
আপনার অবশ্যই একটি বৈধ চুক্তি থাকতে হবে, কমপক্ষে এক বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে এবং কোম্পানির ব্যবস্থাপনায় কোনও পদে নেই এমন হতে হবে।



## আমাকে কি বেতন দেওয়া হবে?

যৌথ কমিটির সদস্য হওয়ার জন্য কোনও অতিরিক্ত বেতন নেই, তবে আপনার দায়িত্ব পালনের জন্য কাজের সময় আপনাকে ছুটি দেওয়া হবে



## নির্বাচন হলে আমি কীভাবে জানব?

আপনার কোম্পানিতে যৌথ কমিটির নির্বাচন হলে এবং কীভাবে এটি অনুষ্ঠিত হবে সেই বিষয়ে আপনার মানবসম্পদ বিভাগ আপনাকে অবহিত করবে।

## নির্বাচিত হলে কী আমি প্রশিক্ষণ পাব?

নির্বাচিত হলে, আপনার নতুন ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে আপনাকে প্রশিক্ষণ দেওয়া হবে।

## আমি কীভাবে আরও তথ্য পেতে পারি?

আরও তথ্যের জন্য আপনি দেখতে পারেন www.ilo.org/qatar-office